রাজশাহী সিটি কর্পোরেশন
রাজশাহী
সাধারণ প্রশাসনিক শাখা
erajshahi.portal.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# দরপত্র বিজ্ঞপ্তি (৪র্থ বার)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী সিটি কর্পোরেশনের অধিনস্থ নিম্নবর্ণিত গণশৌচাগার ১৪২৮ বঙ্গাব্দের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত সিডিউল মাধ্যমে সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ যে কোন তফশিলভুক্ত ব্যাংক হতে মাননীয় মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশনের অনুকূলে ব্যাংক ড্রাফট আকারে **(MICR কম্পিউটারাইজড** বিডি) জামানত হিসেবে দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। দরপত্র সিডিউল নিম্নবর্ণিত তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত অত্র কর্পোরেশনের সচিব-এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে এবং ঐ দিন দুপুর ২.০০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।দরপত্র সিডিউল নিম্নবর্ণিত তারিখ পর্যন্ত নির্ধারিত নগদ মূল্যে (অফেরৎযোগ্য) অগ্রণী ব্যাংক লিঃ নগর ভবন শাখা রাজশাহী হতে অফিস চলাকালিন ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

**গনশৌচাগার ইজারা ক্যালেন্ডার ঃ**

| ক্র নং | ইজারার বিষয় | সিডিউলের মূল্য | সরকারি মূল্য | সিডিউল বিক্রয়ের তারিখ ব্যাংক চলাকালিন (বিকেল ৪:০০ ঘটিকা) পর্যন্ত | দরপত্র দাখিলের তারিখ সকাল ৯:০০ টা থেকে দুপুর ০১:০০ টা পর্যন্ত |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | হড়গ্রাম নিউমার্কেটের দোতলায় অবস্থিত গণশৌচাগার | ৩০০/- | | ৪র্থ বার ০৭-০৪-২০২১ খ্রিঃ | ৪র্থ বার ০৮-০৪-২০২১ খ্রিঃ |
| ০২ | কোর্ট ষ্টেশন বাইপাশ গনশৌচাগার | ৫০০/- | | | |
| ০৩ | সিটি হাটের পার্শ্বে ভাগাড়ে অবস্থিত গনশৌচাগার | ৩০০/- | ১৭৮৩৬/- | | |
| ০৪ | ২৬নং ওয়ার্ডে মেহেরচন্ডী গনশৌচাগার | ৩০০/- | – | | |
| ০৫ | ২৮নং ওয়ার্ডে কাজলা গনশৌচাগার | ৩০০/- | | | |
| ০৬ | বিনোদপুর বাজার গনশৌচাগার | ৩০০/- | | | |

উল্লেখ্য যে, নির্ধারিত তারিখে কোন দরপত্র পাওয়া না গেলে বা দরপত্র পাওয়া গেলেও কাঙ্খিত দর পাওয়া না গেলে বা কাঙ্খিত দর পাওয়া গেলেও তা অনুমোদিত না হলে পর্যায়ক্রমে পরবর্তী দরপত্র আহবানের তারিখ অব্যাহত থাকবে। প্রাপ্ত কাঙ্খিত দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে পরবর্তী দরপত্র সিডিউল বিক্রি ও গ্রহণের তারিখ বাতিল বলে গণ্য হবে। প্রতি বারের দরপত্র দাখিলের জন্য নতুন করে সিডিউল ক্রয় পূর্বক দরপত্র দাখিল করতে হবে।

## বিশেষ শর্তাবলী ঃ

০১। অনুমোদিত দরপত্রদাতাকে অনুমোদনসূচক পত্র প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ অত্র কর্পোরেশন তহবিলে জমা প্রদান করতে হবে এবং সরকারি বিধান মতে ইজারা দরের ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) নির্ধারিত চালান মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা প্রদান পূর্বক চালানের কপি অত্রাফিসে দাখিল করতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং সমুদয় জামানত বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০২। দরপত্রদাতা কর্তৃক সমুদয় ইজারার ও ভ্যাট-আয়করের টাকা পরিশোধ করার পর ৩০০.০০ টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে কর্তৃপক্ষের সাথে শর্তসম্বলিত ইজারা চুক্তিপত্র সম্পাদন পূর্বক গণশৌচাগার ও পার্কিং স্ট্যান্ড এর দখল হস্তান্তর করা হবে।

০৩। ইজারায় গৃহীত গণশৌচাগার ইজারা গ্রহীতা কর্তৃক প্রত্যহ নিয়মিতভাবে নিজ খরচে অত্র কর্পোরেশনের সন্তুষ্টি মতে পারিস্কার পরিচ্ছন্ন করবেন,কর্পোরেশন কর্তৃপক্ষ কোনরূপ ব্যয় বহন করবে না।

০৪। গণশৌচাগার ইজারা গ্রহণের ক্ষেত্রে আগ্রহী দরপত্র দাতাকে দরপত্রের সাথে পৃথকভাবে অতিরিক্ত ৫% অর্থ যে কোন তফশিলভুক্ত ব্যাংক হতে মাননীয় মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশনের অনুকূলে বিডি আকারে **(MICR কম্পিউটারাইজড বিডি)** জামানত হিসেবে দাখিল করতে হবে। উক্ত জামানত গণশৌচাগারের পরিস্কার-পরিচ্ছন্ন এবং পানি ও বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যায়ন পত্র প্রদান সাপেক্ষে প্রদান করা হবে।

০৫। ইজারার মেয়াদ শেষ হবার সংগে সংগে ইজারা গ্রহীতা গণশৌচাগার এর দখল রাজশাহী সিটি কর্পোরেশন বরাবর বুঝিয়ে দিতে বাধ্য থাকবেন এবং ইজারা গ্রহীতা কোন ক্রমেই অন্যের নিকট পুণঃ ইজারা বন্দোবস্ত (সাবলীজ) প্রদান করতে পারবেন না। যদি অনুরূপ

কার্যকলাপের বা ইজারা চুক্তির দলিলে উল্লেখিত কোন শর্তের/ শর্তসমূহের লঙ্ঘন কর্তৃপক্ষের গোচরীভূত হয় তাহলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ ইজারা বাতিল করতে পারবেন।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল বা গ্রহণ করার ক্ষমতাসহ যে কোন দরপত্রের দর বহাল রেখে পুণঃ দরপত্র আহবানের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাঃ  
সচিব  
রাজশাহী সিটি কর্পোরেশন  
ফোন-০৭২১-৭৭৫৫০৫(অফিস)

স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৩.৩৫.৬২১.২০ - ৫৮১৪(৫০)  
তারিখঃ ১৫ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / ২৯ মার্চ ২০২১ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।  
২। পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।  
৩। জেলা প্রশাসক, রাজশাহী।  
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী।  
৫। ------------------------------------------------------------

২৯/০৩/০২১  
রাজশাহী সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৩.৩৫.৬২১.২০ - ৪৭৪(৫০)/৫০  
তারিখঃ ১৫ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / ২৯ মার্চ ২০২১ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সম্মানিত কাউন্সিলর,ওয়ার্ড/সংরক্ষিত আসন নং . . . রাজশাহী সিটি কর্পোরেশন।  
২। মেয়রের একান্ত সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)  
৩। বিভাগীয় প্রধান . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . (সকল), রাজশাহী সিটি কর্পোরেশন।  
৪। ব্যক্তিগত সহকারী, প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।  
৫। এম.আই.এস পার্সোন, আই.সি.টি শাখা, রাজশাহী সিটি কর্পোরেশন। রাসিকের ওয়েব সাইট ও সিপিটিইউ-যে প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করা হলো।  
৬। নোটিশ বোর্ড, রাজশাহী সিটি কর্পোরেশন।  
৭। অফিস কপি।

২৯/০৩/০২১  
রাজশাহী সিটি কর্পোরেশন।